দৈনিক খবর

তারিখ ...3 1 JAN 1991 ...
পৃষ্ঠা... 5 ... কলাম... 6

২৫

20

## সংগীত কলেজের ঘটনার অবসান হোক

আমরা সংগীত মহাবিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ নানা রকম ভয়ভীতির মধ্যে দিন কাটাচ্ছি। কিন্তু গুটি কয়েক ছাত্রের জন্য আমরা সত্য কথাটি বলতে পারছি না। একদল চাচ্ছে কলেজের অধ্যক্ষ থাকুন অন্য পক্ষ চাচ্ছে অধ্যক্ষের অপসারণ। আসলে কেউই কোন সুস্পষ্ট বক্তব্য প্রদান করতে পারছে না। সংগীত কলেজের এমন কিছু ঘটেনি যার জন্য এ পরিস্থিতির সৃষ্টি হতে পারে। আমরা মনে করি, কোন স্বার্থান্বেষী মহলের অরাজকতায় এধরনের ন্যক্কারজনক ঘটনা ঘটছে, যা আমাদের কাম্য নয়। সংগীত কলেজটি বর্তমানে উন্নতির পথে। আমরা চাই কোন হিংসাদ্বেষ ব্যতিরেকে সম্মিলিত প্রচেষ্টায় ঘটনার সুষ্ঠু সমাধান। এতে করে কলেজের তথা দেশের সংস্কৃতিকে রক্ষা করা সম্ভব হবে বলে মনে করি। আমরা কারো নামে কো অপবাদ না দিয়ে ঘটনার সুষ্ঠু সমাধানকল্পে দেশের সচেতন মহলের সুদৃষ্টি আকর্ষণ করছি।

সরকারী সংগীত মহাবিদ্যালয়ের
শিক্ষক-শিক্ষিকাবৃন্দের পক্ষে
জনৈক শিক্ষক।